

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৩০

আগরতলা, ১৭ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১৬ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে রোগীর মৃত্যু ঘিরে উত্তেজনা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে অমলেন্দু নাথ (৫৫) নামে রোগীকে গত ১৪ অক্টোবর বিকেল ৫টা ৩০ মিনিট নাগাদ মৃত অবস্থায় কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়। কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা করে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

\*\*\*\*\*